



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫

Website: www.banbeis.gov.bd; e-mail: info@banbeis.gov.bd

স্মারক নং - ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৬৫-২০১৮/৮৫৭

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫
২৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : বার্ষিক শিক্ষা জরিপ ২০১৮ এর আওতায় **On line Software** ব্যবহার করে তথ্য প্রেরণ।

সুপ্রিয় পরিচালক,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয় অবগত আছেন যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ (Update) তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষা পরিকল্পনাকারী ও শিক্ষাব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছরের ন্যায় দেশের সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে On line Software ব্যবহারের মাধ্যমে ০১ অক্টোবর থেকে ১০ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত On line Software ব্যবহার করে সংগ্রহ করা হবে।

২। তথ্য সংগ্রহ সংক্রান্ত বিষয়ে একটি নির্দেশিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংযুক্ত)। যে সকল উপজেলায় ব্যানবেইস এর UITRCE ভবন আছে সে সকল উপজেলাসহ পার্শ্ববর্তী উপজেলার যে সকল প্রতিষ্ঠানের On line এর সুবিধা নেই সেইসব প্রতিষ্ঠান সমূহ UITRCE ভবনে এ online সুবিধা গ্রহণ করতে পারবেন।

৩। বর্ণিতাবস্থায় আঞ্চলিক সমন্বয়কারী হিসেবে আপনার অঞ্চলের অন্তর্গত সকল ধরনের প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভুল তথ্য On line Software ব্যবহার করে আগামী ১০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিত করতে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

বিষয়টি অতীত জরুরী

সংযুক্তি: ক) On line ফরম পূরণের নির্দেশিকা

খ) জরিপ ক্যালেন্ডার-২০১৮

পরিচালক,

মাধ্যমিক ও উচ্চশিক্ষা

.....অঞ্চল

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। অফিস নথি।

শুভেচ্ছান্তে,

(মোঃ ফসিউল্লাহ)

মহাপরিচালক

ফোনঃ ৯৬৬৫৪৫৭

E-mail: info@banbeis.gov.bd